গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুর
police.dinajpur.gov.bd



স্মারক নং-৭২০৮/ই

তারিখ-২৪/১০/২০২৬ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পুলিশ-২ শাখা, ঢাকার স্মারক নং: ৪৪.০০.০০০০.০০০.০৯৫.০২.০০০১.২২.১২৯ তারিখ: ২৯/০৮/২০২৬ খ্রি. এবং পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার স্মারক নং: ৪৪.০১.০০০০.০২৮.১৮.০১৮.২০২২.১৬৯৬ তারিখ: ১০/০৯/২০২৬ খ্রি. মূলে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুরে নিম্নবর্ণিত শূণ্যপদ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য দিনাজপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online-এ (ওয়েবসাইট: https://spdinajpur.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল	বয়স	পদের সংখ্যা	নূন্যতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	অফিস সহায়ক বেতন স্কেল: ২০০০০-৪৮৪০০/- (গ্রেড: ২০) (জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুযায়ী)	অন্যূন ৩২ (বত্রিশ) বছর	০১ (এক) টি	কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

আবেদনের শর্তাবলী:

১. আবেদনকারীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও দিনাজপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. প্রার্থীর বয়সসীমা ১৭/১১/২০২৬ খ্রি. তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে পৈত্রিক স্থায়ী ঠিকানা এবং স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৪. অনলাইন ব্যতীত অন্য কোনো মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে সরকার প্রচলিত বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোনো বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৫. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থী https://spdinajpur.teletalk.com.bd এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৮/১০/২০২৬ খ্রি., সকাল ৯:০০ ঘটিকা;

ii. অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৭/১১/২০২৬ খ্রি. রাত ২৩.৫৯ ঘটিকা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit করার সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে আবেদনকারী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষরের সাইজ ৬০KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে আবেদনকারী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. আবেদনকারী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়ামাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে আবেদনকারী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য এবং স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে আবেদনকারী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ গ্রেড-২০ এর জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/-(ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: POLICEDINAJ<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: POLICEDINAJ ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, Tk. 56 Will be charged as application fee Your PIN is 12345678. To pay fee Type POLICEDINAJ Yes PIN and send to 16222.

দ্বিতীয় SMS: POLICEDINAJ<space>Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: POLICEDINAJ Yes 12345678 & send to 16222
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for POLICEDINAJ Application for (post name) User ID is (ABCDEF) and Password (XXXXXXXX)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://spdinajpur.teletalk.com.bd ওয়েবসাইটে এবং আবেদানকারীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য আবেদনকারীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে আবেদনকারীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষা কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। আবেদনকারী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(চলমান পাতা-২)

bekarsfeed.com

ঙ. শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে আবেদনকারীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i.User ID জানা থাকলে: POLICEDINAJ<space>Help<space>User<space>User ID & send to 16222

Example: POLICEDINAJ Help User ABCDEF & send to 16222

ii.PIN Number জানা থাকলে: POLICEDINAJ<space>Help<space>PIN<space>PIN Number & send to 16222

Example: POLICEDINAJ Help PIN 1234567 & send to 16222

চ. Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ছ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুর এর ওয়েবসাইট police.dinajpur.gov.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

ট. অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে vas.quary@teletalk.com.bd বা Spdinajpur@police.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: Spdinajpur, Post Name:, Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

৬. কেবলমাত্র উপযুক্ত এবং ত্রুটিমুক্ত আবেদনকারীদেরকে লিখিত পরীক্ষার জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭. নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ রাখেন।

৮. জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন যে কোনো বিষয়ে সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯. আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

১০. সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারীকে প্রথম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে।

১১. চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

১২. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। এছাড়াও কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত শর্তাবলীর যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

১৩. আবেদনকারীর যোগ্যতা যাচাই: আবেদনকারী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদন বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো আবেদনকারীর আবেদন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ রাখেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক ১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

(ক) অবেদনকারীয় সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র। চাকরিরত আবেদনকারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);

(খ) আবেদনকারী যে ইউনিয়ন/পৌরসভার বাসিন্দা, সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভার মেয়র/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;

(গ) অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি;

(ঘ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভার মেয়র/ প্রশাসক/কাউন্সিলর/ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(ঙ) শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি ও তৃতীয় লিঙ্গের কোটার জন্য আবেদনকারীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(চ) জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর প্রথম শ্রেণি সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি;

(ছ) অনলাইন-এ পূরণকৃত আবেদন পত্রের কপি Applicant's Copy;

(জ) সাম্প্রতিক সময়ে তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০২ (দুই) কপি;

(ঝ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

১৪. প্রার্থীর ক্ষেত্রে যেকোন প্রকারের তদবির প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে এবং তিনি নিয়োগযোগ্য বিবেচিত হবেন না।

১৫. নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রাক ভেরিফিকেশন পূর্বক চূড়ান্তভাবে নিয়োগ করা হবে।

১৬. ডিক্লারেশন: আবেদনকারীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনকারী কর্তৃক প্রদত্ত আবেদনপত্রের সকল তথ্য সঠিক এবং সত্য প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২৪.১০.২০২৬

মো: জেদান আল মুসা, পিপিএম
বিপি-৭৮০৬১১৩৯৮২
পুলিশ সুপার, দিনাজপুর
ফোন-০২৫৮৯৯২৫০০৩, ফ্যাক্স-২৩৩১৬
e-mail : spdinajpur@police.gov.bd